সমকাল

তারিখ ··15·SEP·2017··
পৃষ্ঠা ··৪·· কলাম ··৪··

# ঢাবির অধিভুক্ত ৭ কলেজের চতুর্থ বর্ষের ফল প্রকাশ দাবি

■ সমকাল প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) অধিভুক্ত সাত কলেজের ২০১১-১২ শিক্ষাবর্ষের সম্মান চতুর্থ বর্ষের ফল আগামীকাল শনিবারের মধ্যে প্রকাশের দাবি জানিয়েছেন শিক্ষার্থীরা। গতকাল জাতীয় প্রেস ক্লাবের সামনে মানববন্ধনে এ দাবি জানান তারা।

মানববন্ধনে শিক্ষার্থীরা বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ে সাত কলেজ অধিভুক্ত হওয়ার পর বিভিন্ন সমস্যার সম্মুখীন হতে হচ্ছে। গত আট মাসেও চতুর্থ বর্ষের ফল প্রকাশ হয়নি। ফলে সরকারি-বেসরকারি চাকরির সার্কুলারে আবেদনের যোগ্যতা থাকা সত্ত্বেও আবেদন করতে পারছি না।

মানববন্ধনের সমন্বয়কারী রাকিবুল ইসলাম শান্তর সভাপতিত্বে বক্তব্য রাখেন ঢাকা কলেজের শিক্ষার্থী এনামুল হক, আহম্মেদ হাবিব, তিতুমীর কলেজের শরীফ, ইডেন মহিলা কলেজে নিপা প্রমুখ।